

# সংক্ষিপ্ত সিলেবাসে হবে ২০২৫ সালের এইচএসসি পরীক্ষা

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ১৯ ফেব্রুয়ারি ২০২৪, ১৭:৩০

ফাইল ছবি

আগামী ২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষাও পুনর্বিদ্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সংক্ষিপ্ত সিলেবাসে হবে। সোমবার (১৯ ফেব্রুয়ারি) শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা এম এ খায়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা, ২০২৩ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার মতো সংক্ষিপ্ত সিলেবাসে অনুষ্ঠিত হবে।

শিক্ষা বোর্ডগুলো জানায়, ২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা পুনর্বিদ্যাসকৃত সিলেবাসের আলোকে অনুষ্ঠিত হবে। ২০২৩ সালে যে সিলেবাসে পরীক্ষা হয়েছে, সে সিলেবাস অনুযায়ী পরীক্ষা আয়োজনের নির্দেশনা দেওয়া হয়েছে।



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং: ঢাবো/পনি/৩৭৮

তারিখ: ১৮/০২/২০২৪খ্রি.

বিষয়: ২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার সিলেবাস বিষয়ক সিদ্ধান্ত অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: ১) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৮/০১/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।  
২) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা-এর স্মারক নং- এনসিটিবি/শিউ/২৫৭/২০০৯/২৭০,  
তারিখ- ১৩/০২/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৮ জানুয়ারি ২০২৪খ্রি. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় ২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার সিলেবাস বিষয়ক সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী ২০২৫ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি ও সমমান পরীক্ষার সিলেবাস ২০২৩ সালে অনুষ্ঠিত এইচএসসি ও সমমান পরীক্ষার জন্য পুনর্বিদ্যাসকৃত সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

২। ২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা সকল বিষয়ে অনুষ্ঠিত হবে।

৩। এইচএসসি ও সমমান পরীক্ষা ২০২৫ পুনর্বিদ্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী প্রতিটি বিষয়ে পূর্ণ সময়ে ও পূর্ণ নম্বরে অনুষ্ঠিত হবে।

ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড আজ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ২০২৫ সালে যারা এইচএসসি ও সমমানের পরীক্ষা দেবে, তাদের এসএসসি ও সমমান পরীক্ষা ২০২৩ সালে সংশোধিত ও পুনর্বিদ্যাসকৃত সিলেবাসে পূর্ণ নম্বর ও পূর্ণ সময়ে হয়।

উল্লেখ্য, করোনা মহামারীর কারণে ২০২০ সালে পরীক্ষা না নিয়েই শিক্ষার্থীদের সনদ দেওয়া হয়। এরপর ২০২১ ও ২০২২ সালে পরীক্ষা নেওয়া হয় সংক্ষিপ্ত সিলেবাসে। ২০২৩ সালে একটি বাদে সবগুলোতে পূর্ণ নম্বর ও পূর্ণ সময়ে এইচএসসি পরীক্ষা হয়েছে। কেবল তথ্যপ্রযুক্তি বিষয়ে পরীক্ষা হয়েছে ৭৫ নম্বরে। সেই পরীক্ষাও হয়েছিল পুনর্বিদ্যাস করা পাঠ্যসূচি অনুযায়ী।